



নথি নং-৪৬.০০.৪৯০০.০১৭.২৭.০০৫.২০২১- ৪৬৬

তারিখ : ২৩ জ্যৈষ্ঠ, ১৪২৮
০৬ জুন, ২০২১

প্রজ্ঞাপন

যেহেতু, কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলার ০৫নং ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: লুৎফর রহমান বাবু'র বিরুদ্ধে ইউনিয়ন পরিষদের মাসিক সভা বা অন্যান্য সভা নিয়মিত না করা, ভিজিডি কার্ড বিতরণে অনিয়ম, খোয়ার নিলামে সরকারী বিধি-বিধান অনুসরণ না করা, ট্রেড লাইসেন্স এবং পারমিটের ফি এর টাকা আত্মসাত, এলজিএসপি-৩ প্রকল্প বাস্তবায়নে বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ না করা, ভূমি হস্তান্তর ১% ও এডিপি এর অনুকূলে বরাদ্দকৃত অর্থ সঠিকভাবে বাস্তবায়ন না করা, ক্ষমতার অপব্যবহার এবং গ্রাম আদালত নিয়মিতভাবে পরিচালনা না করার অভিযোগে উক্ত ইউনিয়ন পরিষদের ১১ (এগার) জন সদস্য কর্তৃক অনাস্থা প্রস্তাব উত্থাপিত হয়েছে এবং সরেজমিন তদন্তে উত্থাপিত অভিযোগসমূহ প্রমাণিত হয়েছে;


যেহেতু, উক্ত অনাস্থা প্রস্তাবের বিষয়ে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৯ ধারা অনুযায়ী উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম কর্তৃক বিশেষ সভা আহ্বান করে গোপন ব্যালটের মাধ্যমে অনাস্থা প্রস্তাবের পক্ষে ও বিপক্ষে ভোট গ্রহণ করা হয় এবং অনাস্থা প্রস্তাবের পক্ষে ১১ (এগার) টি ভোট পড়ে যা দুই-তৃতীয়াংশের বেশী;

যেহেতু, কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলার ০৫নং ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: লুৎফর রহমান বাবু'র বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তে প্রমাণিত হওয়ায় এবং বিশেষ সভায় উত্থাপিত অনাস্থা প্রস্তাবটি দুই-তৃতীয়াংশের বেশী ভোটে গৃহীত হওয়ায় বর্ণিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক জনস্বার্থে ইউনিয়ন পরিষদের দায়িত্ব পালন করা সমীচীন হবে না মর্মে বিবেচিত হওয়ায় জেলা প্রশাসক, কুড়িগ্রাম সুপারিশসহ প্রেরিত অনাস্থা প্রস্তাবটি সরকার কর্তৃক স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৯(১৩) ধারা অনুযায়ী অনুমোদিত হয়েছে;

সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৯(১৩) ধারার বিধান অনুযায়ী সরকার কর্তৃক জনস্বার্থে অনাস্থা প্রস্তাবটি অনুমোদিত হওয়ায় ০৫নং ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: লুৎফর রহমান বাবু'র পদটি একই আইনের ৩৫(১)(চ) ধারা অনুযায়ী শূন্য ঘোষণা করা হলো।

০২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(২) ধারা মোতাবেক শূন্য ঘোষণা সংক্রান্ত গেজেট বিজ্ঞপ্তি জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৩। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।



(মো: আবুজাফর রিপন পিএএ)
উপসচিব
☎ ৯৫৮৬৬০৫
Email: Up1lgd@gmail.com

নথি নং-৪৬.০০.৪৯০০.০১৭.২৭.০০৫.২০২১- ৪৬৬

তারিখ : ২৩ জ্যৈষ্ঠ, ১৪২৮
০৬ জুন, ২০২১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
- ০৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
- ০৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। অতিরিক্ত সচিব (ইউপি), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। জনাব মো: লুৎফর রহমান বাবু, চেয়ারম্যান (অপসারণকৃত), ০৫নং ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
- ০৮। অফিস কপি।


(মো: আবুজাফর রিপন পিএএ)
উপসচিব